



শিক্ষায় করায়োপ প্রত্যাহারের দাবি

রাষ্ট্রপতিকে স্মারকলিপি

■ সমকাল প্রতিবেদক
শিক্ষার ওপরে সাড়ে ৭ শতাংশ কর
আরোপ প্রত্যাহার ও বেসরকারি
বিশ্ববিদ্যালয়ের নীতিমালা প্রণয়নের
দাবি জানিয়েছেন শিক্ষার্থীরা।
গতকাল বৃহস্পতিবার জাতীয় প্রেস
ক্লাবের সামনে আয়োজিত প্রতিবাদ
সমাবেশে এ দাবি জানান তারা।
আগামী পাঁচ দিনের মধ্যে সংকট
সমাধানে কোনো আশামূরূপ ফল না
পাওয়া গেল কাঠোর কর্মসূচির
ইশিয়ারি দেন শিক্ষার্থীরা। 'নো ভ্যাট
অন এডুকেশন' ব্যানারে এ কর্মসূচি
পালন করা হয়।

সমাবেশ শেষে প্রেস ক্লাব থেকে
সিঁহিল বের করলে কদম ফোয়ারার
সামনে পুলিশ তাদের বাধা দেয়।
পরে তারা প্রেস ক্লাবের সামনের
সড়ক অবরোধ করেন। এর পর
আন্দোলনকারীদের দুই সদস্যের
একটি প্রতিনিধি দল রাষ্ট্রপতির কাছে
স্মারকলিপি দিতে যায়।

বিফোভ। সমাবেশে সভাপতিত্ব
করেন নো ভ্যাট অন এডুকেশনের
প্রধান সমন্বয়ক ফাহান হাবীব। এতে
আরও বক্তব্য রাখেন আয়োজক
সংগঠনের নেতা জাহিন ফারুক
আমিন, জাহিদ গগণ, শিহাব উদ্দিন
সানি, ফারুক আহমদ আরিফ,
ইমরান আহমেদ প্রমুখ। এতে গ্রিন
ইউনিভার্সিটি, স্টেট ইউনিভার্সিটি,
ইবাইস ইউনিভার্সিটিসহ বিভিন্ন
বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রী উপস্থিত
ছিলেন।

বেসরকারি বিশ্ববিদ্যালয় সমিতির
অনুরোধ : এদিকে, উচ্চশিক্ষার ওপর
আরোপিত কর প্রত্যাহারের অনুরোধ
করেছে বেসরকারি বিশ্ববিদ্যালয়
সমিতি। সমিতির চেয়ারম্যান শেখ
কবির হোসেনের সভাপতিত্বে সভায়
বক্তারা বলেন, রাজস্ব বোর্ড
বিশ্ববিদ্যালয়গুলোকে কর প্রদানকারী
হিসেবে নিবন্ধনের নির্দেশ দিয়েছে।
এ সিদ্ধান্ত শিক্ষার অগ্রগতিতে
দারুণভাবে ব্যাহত করবে বলে
আশঙ্কা রয়েছে।